Prepp
Your Personal Exams Guide

# UGC NET PAPER 2 NOVEMBER 05, 2017 SHIFT 1 BENGALI QUESTION PAPER

BENGALI

বাংলা

PAPER - II

প্রশ্নপত্র - II

Note : This paper contains **fifty (50)** objective type questions, each question carrying **two (2)** marks. Attempt all the questions.

নির্দেশ : এই প্রশ্নপত্রে **পঞ্চাশ** (50) **টি** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের মান **দুই** (2)। **সব** প্রশ্নের উত্তর দিতে হবে।

1. 'জাগরী' উপন্যাসে ব্যবহৃত চারটি শব্দ ও এগুলির অর্থ পাশাপাশি দুটি **তালিকায়** দেওয়া হল। **তালিকা** দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | মাঙ্কাতা | (i) | চাষী |
| (b) | জত্থা | (ii) | দল |
| (c) | বাহালী | (iii) | এক প্রকার তামাকের স্থানীয় নাম |
| (d) | হরবাহা | (iv) | নিযুক্ত লোক |

সংকেত :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iv) | (iii) |
| (2) | (iii) | (ii) | (iv) | (i) |
| (3) | (iv) | (ii) | (i) | (iii) |
| (4) | (iii) | (iv) | (ii) | (i) |

2. 'চেনামহল' উপন্যাসে অরুণ যাঁর ছেলের টিউটর ছিলেন তিনি হলেন :
   (1) বিনোদবিহারী দত্ত
   (2) বিনোদবিহারী বসু
   (3) বিনোদবিহারী মজুমদার
   (4) বিনোদবিহারী সরকার

3. **প্রথম তালিকায়** প্রদত্ত 'সারদামঙ্গল'-এর সর্গ নামের সঙ্গে **দ্বিতীয় তালিকার** রাগ-রাগিণীর সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | প্রথম সর্গ | (i) | বিভাস |
| (b) | দ্বিতীয় সর্গ | (ii) | ললিত |
| (c) | তৃতীয় সর্গ | (iii) | ভৈরবী |
| (d) | চতুর্থ সর্গ | (iv) | কালাংড়া |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (iii) | (ii) |
| (2) | (ii) | (iv) | (i) | (iii) |
| (3) | (iii) | (ii) | (iv) | (i) |
| (4) | (ii) | (iv) | (iii) | (i) |

4. নীচের **তালিকা** দুটিতে প্রদত্ত 'রক্তকরবী' নাটকের চরিত্র নামের সঙ্গে তাদের সংলাপের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | অধ্যাপক | (i) | হৃদয়ের দান, যত অপেক্ষা করবে তত তার দাম বাড়বে। |
| (b) | সর্দার | (ii) | আশ্চর্য ওর ক্ষমতা। |
| (c) | মোড়ল | (iii) | পিছন যদি না থাকে তো সামনেটা কি থাকতে পারে ? |
| (d) | পুরাণ বাগীশ | (iv) | ফুল ফোটে উপরের ডালে আকাশের দিকে। |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (iii) | (ii) |
| (2) | (ii) | (iv) | (i) | (iii) |
| (3) | (iv) | (i) | (ii) | (iii) |
| (4) | (iii) | (ii) | (i) | (iv) |

Prepp
Your Personal Exams Guide

5. **প্রথম তালিকায়** প্রদত্ত রেখাঙ্কিত শব্দের সঙ্গে **দ্বিতীয় তালিকা**র বিভক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | চঞ্চল চীএ পৈঠা কাল | (i) | অপাদানে এ বিভক্তি |
| (b) | মানুষ হঞা জিনিলে তুমি হেন রাবণে | (ii) | কর্তৃকারকে এ বিভক্তি |
| (c) | রুখেরি তেন্তলী কুম্ভীরে খাঅ | (iii) | কর্মকারকে এ বিভক্তি |
| (d) | লোকমুখে শুনেছি সে ভালো ছেলে | (iv) | অধিকরণে এ বিভক্তি |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (iii) | (ii) |
| (2) | (i) | (iii) | (iv) | (ii) |
| (3) | (iv) | (iii) | (ii) | (i) |
| (4) | (iii) | (iv) | (ii) | (i) |

6. সত্যেন্দ্রনাথ দত্তের 'কাব্যসঞ্চয়ন' বইয়ের 'কবি-পরিচয়' লিখেছিলেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর
(2) ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
(3) চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়
(4) সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

7. 'নতুন ইহুদী' নাটক থেকে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'নতুন ইহুদী' নাটকটি লেখা হয়েছিল রঙ্‌মহল কর্তৃপক্ষের অনুরোধে।

(b) 'নতুন ইহুদী' নাটকে বিবাহবাড়ির কর্তা দেবুবাবুর মোসাহেবের নাম গুপী।

(c) নাটকে বিয়েবাড়িতে মনমোহন ভট্টাচার্যের অপমানিত হওয়ার ঘটনা ঘটেছে সপ্তম দৃশ্যে।

(d) নাটকে রাজনৈতিক কর্মী মহেন্দ্রের প্রবেশ নবম দৃশ্যে।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

8. ''তাঁর চৌদ্দটি গল্প-উপন্যাসের মধ্যে একটি -- 'কৃষ্ণকান্তের উইল', শুধু পাতিব্রত্য ও সতীত্বের গল্প ; দশটি শুধু প্রেমের গল্প ; তিনটি -- 'বিষবৃক্ষ', 'চন্দ্রশেখর' ও 'আনন্দমঠ', দুই-এর সংঘাতের গল্প।''

বঙ্কিমচন্দ্রের কথাসাহিত্য সম্পর্কে এই মন্তব্যটি নীরদচন্দ্র চৌধুরী তাঁর যে প্রবন্ধে করেছেন সেটি হল :

(1) মন্ত্রদ্রষ্টা বঙ্কিম
(2) বাঙালী সমাজ ও নূতন ভালবাসা
(3) বাঙালীর মন ও ভালবাসা
(4) প্রেম সাহিত্যে ও জীবনে

9. আরিস্টটলের 'কাব্যতত্ত্ব' অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

(a) কাব্যতত্ত্ব প্লেটোর কাব্য বিরোধিতার বিরোধিতা।
(b) কাব্যতত্ত্বের বিষয় ট্রাজেডি, মহাকাব্য নয়।
(c) সত্য থেকে কাব্য দু'ধাপ দূরে।
(d) আরিস্টটল কাব্যতত্ত্বে মাত্র দু'বার কবির উন্মাদনার কথা বলেছেন।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

10. 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে যে ক্রমানুসারে কৃষ্ণকৃত কর্মগুলি আছে সংকেত থেকে তার **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

(a) ধান্যের বিনিময়ে কৃষ্ণের ফল ক্রয় এবং ধান্যগুলির রত্নে পরিণত হওয়া।
(b) কৃষ্ণ কর্তৃক বকাসুর বধ।
(c) কৃষ্ণের পদাঘাতে শকট ভঙ্গ।
(d) কৃষ্ণ কর্তৃক দাবানল পান।

**সংকেত :**

(1) (a) → (b) → (c) → (d)
(2) (b) → (a) → (d) → (c)
(3) (c) → (a) → (b) → (d)
(4) (d) → (b) → (a) → (c)

Prepp
Your Personal Exams Guide

11. নীচের **তালিকা** দুটিতে বড়ুচণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' থেকে প্রদত্ত উক্তি ও তার বক্তার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | চুন বিহনে যেহ্ন তাম্বুল তিতা | (i) | কৃষ্ণ |
| (b) | চিরকাল সুখ ভুঞ্জে সে সি সিআণী | (ii) | রাধা |
| (c) | সজন সমাজেঁ হরিব সত্য বাণী | (iii) | গোপীদের শাশুড়ীরা |
| (d) | তোহ্মার ঘরত অন্ন পাণি না খাইব | (iv) | বড়াই |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (ii) | (i) | (iii) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (i) | (iii) | (ii) | (iv) |
| (4) | (ii) | (iv) | (i) | (iii) |

12. ''কৃষ্ণের জীবের ওপর কৃষ্ণের কাজ করতে হবে — কৃষ্ণের ইচ্ছা।'' — উক্তিটি যে গল্পে রয়েছে :

(1) সৈনিক (2) হাড় (3) ভাঙাচশমা (4) টোপ

13. 'এতে কোনো সৃষ্টিতত্ত্ব নেই।' — বলাকার যে কবিতা প্রসঙ্গে রবীন্দ্রনাথ একথা বলেছেন সেটি হল :

(1) 24 সংখ্যক কবিতা (2) 29 সংখ্যক কবিতা (3) 30 সংখ্যক কবিতা (4) 31 সংখ্যক কবিতা

14. নীচে পাশাপাশি দুটি **তালিকায়** মধ্যভারতীয় আর্যভাষার কিছু বিশেষ ধ্বনি পরিবর্তন এবং তাদের উপভাষার নাম দেওয়া হল। উভয় **তালিকার** মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | কায়িক > কাতিত | (i) | মাহারাষ্ট্রী |
| (b) | রজত > রঅদ | (ii) | পৈশাচী |
| (c) | দৃপ্ত > দরিত্ত | (iii) | শৌরসেনী |
| (d) | মদন > মতন | (iv) | অর্ধমাগধী |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iv) | (iii) | (i) | (ii) |
| (3) | (iii) | (ii) | (i) | (iv) |
| (4) | (iv) | (i) | (iii) | (ii) |

15. **প্রথম তালিকায়** প্রদত্ত 'মেঘনাদবধ কাব্য'-এর সর্গ নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত ওই সর্গের প্রথম ছত্রের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | দ্বিতীয় সর্গ অস্ত্রলাভ | (i) | প্রভাতিল বিভাবরী জয় রাম নাদে |
| (b) | অষ্টম সর্গ প্রেতপুরী | (ii) | উদিলা আদিত্য এবে উদয় অচলে |
| (c) | নবম সর্গ সংস্ক্রিয়া | (iii) | অস্তে গেলা দিনমণি ; আইলা গোধূলি |
| (d) | সপ্তম সর্গ শক্তি নির্ভেদ | (iv) | রাজকাজ সাধি যথা, বিরাম মন্দিরে |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iv) | (ii) | (iii) | (i) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (i) | (iii) | (ii) | (iv) |

16. 'রাজসিংহ' উপন্যাসের যে স্থলে 'নাপোলিয়ন'-এর প্রসঙ্গ আছে সেটি হল :
(1) উপসংহার
(2) তৃতীয় খণ্ডের 'প্রভুভক্তি' নামক নবম পরিচ্ছেদ
(3) অষ্টম খণ্ডের শেষ পরিচ্ছেদ -- 'পূর্ণাহুতি-ইষ্টলাভ'
(4) প্রথম খণ্ডের 'তসবিরওয়ালী' নামক প্রথম পরিচ্ছেদ

17. 'নদীপথে' গ্রন্থানুসারে পলাশবাড়ি স্টেশনে ঘাটের উপর যে-সব জিনিস বিক্রি হচ্ছিল সেগুলি হল :
(1) কমলালেবু, মুরগি, শাক-সব্জি।
(2) কমলালেবু, ডিম, কলা।
(3) কমলালেবু, ডিম, পায়রা।
(4) কমলালেবু, ডিম ও হাঁস।

18. 'ধ্বন্যালোক' গ্রন্থ অনুসারে নীচে প্রদত্ত **মন্তব্য** ও **যুক্তির** মধ্যে **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্বাচন করুন :

**মন্তব্য :** ব্যঞ্জনা ব্যাপার হচ্ছে শব্দের ব্যতিক্রমহীন নিয়ত বৈশিষ্ট্য।

**যুক্তি :** কেননা, তা ঔপাধিক, অনৈসর্গিক এবং বৈচিত্র্যময়।

**সংকেত :**
(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ
(2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ
(3) **মন্তব্যটি** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ
(4) **মন্তব্যটি** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

19. 'ইছামতী' উপন্যাসে চৈতন্যভারতী পরমহংসদেবের পূর্বাশ্রমে নাম ছিল :
(1) রামকানাই চক্রবর্তী (2) শিবসত্য চক্রবর্তী (3) রূপচাঁদ মুখুজ্যে (4) গোপেশ্বর রায়

20. 'কাশীবাসিনী' গল্পে মালতীর বাপের বাড়ি ছিল :

(1) কৃষ্ণনগরে (2) বর্ধমানে (3) হুগলিতে (4) উত্তরপাড়ায়

21. বুদ্ধদেব বসুর 'কঙ্কাবতী' কাব্যগ্রন্থে কঙ্কাবতী নামটি প্রথম যে কবিতায় এসেছে সেটি হল :

(1) শেষের রাত্রি (2) সেরেনাদ (3) আরশি (4) কঙ্কাবতী

22. 'আমি উগ্রসেনের ক্ষেত্রজ পুত্র ..... দানব ঔরসজাত পুত্র।'

'কারাগার' নাটকের উল্লিখিত উক্তিটির শূন্যস্থানে যে শব্দটি বসবে সেটি হল :

(1) অজামিলের (2) শুম্ভের (3) নিশুম্ভের (4) দ্রমিলের

23. নীচে একটি **মন্তব্য** এবং এর সমর্থনে একটি **যুক্তি** প্রদর্শন করা হল। সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** শব্দার্থ পরিবর্তনের ফলে ব্যষ্টির স্থলে সমষ্টি, এবং সমষ্টির স্থলে ব্যষ্টির অর্থ প্রকাশিত হয়।

**যুক্তি :** যেমন 'তেল' শব্দটির মৌলিক অর্থ হল তিলের নির্যাস, এখন যে কোনো স্নেহজাতীয় বীজের নির্যাসকে তেল বলা হয়।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ (2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ

(3) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ (4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

24. প্রাচীন ভারতীয় আর্যের চারটি **শুদ্ধ-অশুদ্ধ** বৈশিষ্ট্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে **ঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) মধ্য ভারতীয় আর্যের মতোই প্রাচীন ভারতীয় আর্য বা বৈদিক ভাষায় ক্বচিৎ চতুর্থীর স্থানে ষষ্ঠী বিভক্তি ব্যবহৃত হয়।

(b) প্রাকৃত ভাষার মতো প্রাচীন ভারতীয় আর্যে অকারান্ত পুংলিঙ্গ শব্দের প্রথমার একবচনে 'ও' হয়।

(c) প্রাচীন ভারতীয় আর্যে ক্বচিৎ শব্দস্থিত 'অব'-স্থানে 'ও'কার লক্ষ করা যায়।

(d) প্রাচীন ভারতীয় আর্যেও দ্বিবচন-স্থানে বহুবচনের বিভক্তি ব্যবহৃত হত।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

Prepp
Your Personal Exams Guide

25. মুল্লা দাউদের 'লোরকচন্দ্রাণী'-র সঙ্গে দৌলৎকাজির 'লোরচন্দ্রাণী'-র তুলনা করে চারটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) লোরের বনবিহার ও সেই উপলক্ষে ময়নার বিলাপ দৌলতে নেই কিন্তু দাউদে আছে।

(b) চন্দ্রাণীর সঙ্গে বামনের নিষ্ফল দু-রাত্রি যাপনের বৃত্তান্ত দৌলতে নেই ; কিন্তু দাউদের কাব্যে এর প্রত্যক্ষ বিবরণ আছে।

(c) দাউদের কাব্যে চন্দ্রাণীকে তিনবার সর্পদংশনের বর্ণনা আছে ; কিন্তু দৌলতের কাব্যে একবার সর্পদংশনের কথা আছে।

(d) দাউদের কাব্যে চন্দ্রাণীর জন্মকথা, রূপবর্ণনা স্থান পেয়েছে ; কিন্তু দৌলৎ ময়নার রূপবর্ণনা দিয়ে শুরু করেছেন, চন্দ্রাণীর নয়।

সংকেত :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

26. মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যের 'পশুগণের ক্রন্দন' অধ্যায় থেকে **প্রথম তালিকায়** পশুদের নাম ও **দ্বিতীয় তালিকায়** দেবীর কাছে তাদের অনুযোগ দেওয়া হল। দুটি **তালিকার** সামঞ্জস্য বিধান করে **শুদ্ধ** উত্তরটি নির্বাচন করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | ভল্লুক | (i) | পতি গেল রতি সুখ বিধি কৈল দূর। |
| (b) | বানর | (ii) | মাগু মৈল বুড়া কালে জীয়া কাজ কি। |
| (c) | সজারু | (iii) | সাতপুত্র মহাবীর বান্ধি নিল জালে। |
| (d) | বরাহ | (iv) | জরাকালে হইল মোর এতেক দুর্গতি। |

সংকেত :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (iii) | (ii) | (i) |
| (2) | (iv) | (ii) | (i) | (iii) |
| (3) | (i) | (iv) | (ii) | (iii) |
| (4) | (ii) | (i) | (iii) | (iv) |

27. 'ডানা' উপন্যাস থেকে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** তথ্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) বিশ্বপতি ভট্টাচার্যের ব্যাঙ্কে সাত হাজার টাকা জমা ছিল।

(b) মন্দাকিনীর সব কটি সন্তানই পুত্র।

(c) রত্নপ্রভা অত্যন্ত রূপসী।

(d) অমরেশবাবু কাশ্মীর ভ্রমণে গিয়েছিলেন।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |

28. 'নীলদর্পণ' নাটক থেকে **প্রথম তালিকায়** প্রদত্ত চারটি সংলাপের সঙ্গে **দ্বিতীয় তালিকার** চরিত্রের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্দেশ করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | শতমারী ভবেৎ বৈদ্যঃ | (i) | প্রথম অধ্যাপক |
| (b) | অস্মিংস্তু নির্গুণং গোত্রে নাপত্যমুপজায়তে। | (ii) | কবিরাজ |
| (c) | বন্ধুস্ত্রী ভৃত্যবর্গস্য বুদ্ধেঃ সত্বস্য চাত্বনঃ | (iii) | গোপীনাথ |
| (d) | ক্ষীণে বলবতী নাড়ী, সা নাড়ী প্রাণঘাতিকা | (iv) | পুরোহিত |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (iii) | (i) | (ii) |
| (2) | (ii) | (i) | (iii) | (iv) |
| (3) | (iii) | (i) | (ii) | (iv) |
| (4) | (iii) | (i) | (iv) | (ii) |

29. 'কালান্তর' গ্রন্থের 'বাতায়নিকের পত্র' প্রবন্ধ অবলম্বনে নীচের মন্তব্যগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্বাচন করুন :

(a) শিবত্যাগী, শিব ভিক্ষু, শিব বেদ-বিরুদ্ধ, শিব সর্বসাধারণের নয়।

(b) তাঁরা কেউ কেউ বলছেন, 'আমরা যিশুকে মানিনে।'

(c) প্রবলের ভয়ে এবং দুর্বলের ভয়ে কোনো তফাত নেই।

(d) বিজ্ঞানের কৃপায় বাহুবল আজ নিদারুণ দুর্জয়।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

30. 'সংস্কৃতি শিল্প ইতিহাস' গ্রন্থে আধুনিক ইউরোপীয় technique বা বাস্তবানুকারী চিত্রণ-পদ্ধতি নিয়ে যেসব বাঙালি শিল্পী কাজ করেছেন তাঁদের মধ্যে সুনীতিকুমার চট্টোপাধ্যায় যাঁদের নাম উল্লেখ করেছেন তাঁরা হলেন :
(1) শ্রীযুক্ত যামিনীপ্রকাশ গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত যামিনীরঞ্জন রায় এবং শ্রীযুক্ত অতুলচন্দ্র বসু
(2) শ্রীযুক্ত যামিনীপ্রকাশ গঙ্গোপাধ্যায়, শ্রীযুক্ত অতুলচন্দ্র বসু এবং শ্রীযুক্ত দেবীপ্রসাদ রায়চৌধুরী
(3) শ্রীযুক্ত অসিতকুমার হালদার, শ্রীযুক্ত অতুলচন্দ্র বসু এবং শ্রীযুক্ত দেবীপ্রসাদ রায়চৌধুরী
(4) শ্রীযুক্ত ক্ষিতীন্দ্রনাথ মজুমদার, শ্রীযুক্ত অসিতকুমার হালদার এবং শ্রীযুক্ত অতুলচন্দ্র বসু

31. আরিস্টটল পোয়েটিক্স এ 'মারগিতেস্' (Margites) নামে হোমারের রচনাটির উদাহরণ দিয়েছেন :
(1) ট্রাজেডির সূত্রে (2) কমেডির সূত্রে (3) মহাকাব্যের সূত্রে (4) রঙ্গব্যঙ্গ রচনার সূত্রে

32. যে সমালোচনামূলক লেখা দিয়ে মোহিতলালের সঙ্গে 'শনিবারের চিঠি' র সম্পর্ক শেষ হয় সেটি হল :
(1) জয়তু নেতাজী (2) বাংলা ও বাঙালী (3) বাংলার নবযুগ (4) বঙ্কিমচন্দ্রের উপন্যাস

33. কা আ তরুবর পঞ্চ বি ডাল।
এখানে 'বি' একটি :
(1) সর্বনাম (2) বিশেষণ (3) বিশেষণের বিশেষণ (4) অব্যয়

34. 'মাতৃহীন' গল্পের কথক যখন দেশে থাকতেন তখন যে মাসিক পত্রে মাঝে মাঝে তাঁর কবিতা ছাপা হত সেটি হল :
(1) বিশ্বদর্পণ (2) ভারতদর্পণ (3) কাব্যদর্পণ (4) সাহিত্যদর্পণ

35. **প্রথম তালিকায়** প্রদত্ত 'স্মরগরল' কাব্যগ্রন্থের কবিতা নামের সঙ্গে **দ্বিতীয় তালিকার** কবিতাগুলির প্রথম চরণের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **ঠিক** উত্তরটি নির্দেশ করুন :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| (a) | নতুন আলো | (i) | আজ রাতে ঘুম নাই, ফাগুনের দোলপূর্ণিমা যে। |
| (b) | প্রেম ও জীবন | (ii) | আমারও পড়েছে ডাক আজিকার উৎসব-সভায়। |
| (c) | শেষ আরতি | (iii) | একলা জাগি শীতের রাতে রুদ্ধ বাতায়ন। |
| (d) | কবি-বরণ | (iv) | মুকুতার সিঁথি খুলে রাখ, আজ বাঁধিওনা কুন্তল। |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (iv) | (ii) |
| (2) | (iv) | (ii) | (iii) | (i) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (ii) | (iii) | (iv) | (i) |

Prepp
Your Personal Exams Guide

36. 'দেবীগর্জন' নাটকের কয়েকটি চরিত্র এবং তাদের পরিচয় পাশাপাশি দুটি **তালিকায়** দেওয়া হল। দুটি **তালিকার** মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | খগেশ্বর | (i) | জোয়ান বাউরি চাষী |
| (b) | দিগম্বর | (ii) | লাঠিয়াল |
| (c) | সাটো | (iii) | সাঁওতাল চাষী |
| (d) | ঘুগর্‌য়া | (iv) | প্রবীণ সাঁওতাল |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (ii) | (iii) |
| (2) | (iii) | (iv) | (ii) | (i) |
| (3) | (ii) | (iv) | (i) | (iii) |
| (4) | (iii) | (ii) | (iv) | (i) |

37. রবীন্দ্রনাথের 'ক্ষুধিত পাষাণ' গল্প অনুসরণে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** 'ক্ষুধিত পাষাণ' গল্পের দ্বিতীয় কথক বরীচে তুলার মাশুল-আদায়ের কাজে নিযুক্ত হয়েছিলেন।

**যুক্তি :** কেননা, ইতিপূর্বে জুনাগড়ে এই একই কাজে তিনি অতীব দক্ষতার পরিচয় দিয়েছিলেন।

**সংকেত :**

(1) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ
(2) **মন্তব্যটি** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ
(3) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ
(4) **মন্তব্যটি** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ

38. এখনও পর্যন্ত প্রাপ্ত যে মুদ্রিত বইটিতে প্রথম বাংলা লিপির নমুনা পাওয়া যায় সেটি হল :

(1) লিসবনে ছাপা দোম আন্তনিয় দো রোজারিওর 'ব্রাহ্মণ-রোমান-ক্যাথলিক সংবাদ'।
(2) লাইপজিগ থেকে মুদ্রিত 'আউরঙ্গজেব'।
(3) আমস্টারডাম থেকে প্রকাশিত আতানাসি উস কির্থে রচিত 'চায়না ইলাস্ট্রেটা'।
(4) লণ্ডন থেকে প্রকাশিত বেণ্টো ডি সেলভেস্ত্রের 'প্রার্থনা মালা'।

39. 'জ্ঞান যার নাহি তার ভক্তিতে কি কাম।' - চৈতন্যভাগবতে মন্তব্যটি করেছেন :

(1) সনাতন গোস্বামী (2) রায় রামানন্দ (3) অদ্বৈত মহাপ্রভু (4) শ্রীরূপ গোস্বামী

40. সংস্কৃত অলংকার শাস্ত্রের বক্রোক্তি বাদ অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। সংকেত থেকে **সঠিক** উত্তরটি নির্বাচন করুন :

(a) কুন্তকের 'বক্রোক্তি জীবিতম'-এর বক্রোক্তিতত্ত্ব ভামহের তত্ত্বের উপর ভিত্তি করে গড়ে উঠেছে।

(b) দণ্ডীর মতে বাঙ্ময় কাব্য তিন ভাগে বিভক্ত।

(c) যে বক্রোক্তির কারণ 'কবি ব্যাপার' কুন্তকাচার্য তাকে ছয় ভাগে ভাগ করেছেন।

(d) কুন্তকের পূর্বে বক্রোক্তি ছিল একটি অপ্রধান শব্দালঙ্কার।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

41. 'পল্লীসমাজ' উপন্যাসে তারকেশ্বরে রমেশের সঙ্গে রমার দেখা হয়েছিল :

(1) দুধপুকুরের সিঁড়িতে (2) ধর্মশালার দালানে

(3) যাত্রীনিবাসের সামনে (4) মন্দির প্রাঙ্গনে

42. 'বঙ্গদেশের কৃষক' প্রবন্ধ অবলম্বনে নীচে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** দুর্বলের উপর পীড়ন করা বলবানের স্বভাব।

**যুক্তি :** কেননা, এটাই প্রাকৃতিক নিয়মের ফল।

**সংকেত :**

(1) **মন্তব্য** শুদ্ধ কিন্তু **যুক্তি** অশুদ্ধ (2) **মন্তব্য** ও **যুক্তি** দুইই শুদ্ধ

(3) **মন্তব্য** ও **যুক্তি** দুইই অশুদ্ধ (4) **মন্তব্য** অশুদ্ধ কিন্তু **যুক্তি** শুদ্ধ

43. 'মালঞ্চ' উপন্যাসে আদিত্য যে নামে নীরজাকে ডাকত সেটি হল :

(1) বনরানী (2) রংমহলের রঙ্গিনী (3) ফুলেশ্বরী (4) রসময়ী

44. অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' অনুসরণে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) ব্রতকথা শোনা যেন কতকটা ক্রিয়াকর্ম শেষে গ্রামের পাঁচজনে মিলে গল্পগুজব করা।

(b) পাড়াগাঁয়ে 'অলক্ষী বিদায়' মেয়েরা নিজেরা করে না।

(c) ব্রতে ফুল ধরার অর্থ হল নদীকে কি বাঘ মোষ ইত্যাদির চিত্রমূর্তিকে ফুল দিয়ে উপাসনা।

(d) অঘ্রাণে যে লক্ষীব্রত করা হয় তার উপাস্য অরুণা লক্ষী।

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

45. 'হর্ষচরিত' প্রবন্ধে প্রমথ চৌধুরী যে লেখকের নবহর্ষচরিত রচনার কথা বলেছেন তিনি হলেন :

(1) রাধাকুমুদ মুখোপাধ্যায় (2) রাধাকমল মুখোপাধ্যায়
(3) রাধারমন মুখোপাধ্যায় (4) রাধামাধব মুখোপাধ্যায়

46. দৌলৎকাজির অসম্পূর্ণ কাব্য সম্পূর্ণ করে আলাওল 'লোরচন্দ্রাণী ও সতীময়না' কাব্যের সমাপ্তি কালবাচক শ্লোকটি হেঁয়ালীতে লেখেন :

মুসলমানী শক সংখ্যা শুন দিয়া মন।
অল্প ভাবিলে পাইবা বুদ্ধিমন্ত জন।।
সিন্ধু শূন্য রাখিয়া আপনি দুই দিগে।
সুত কলানিধিরে রাখিবা বামভাগে।।

এখানে হিজরি সনটি হল :

(1) 1070 (2) 1050 (3) 1080 (4) 1060

47. চৈতন্যচরিতামৃত গ্রন্থ থেকে বিবর্তবাদ প্রসঙ্গে চারটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) বিবর্তবাদ অনুযায়ী জীব-জগৎ ঈশ্বরের বিবর্তন।
(b) ব্রহ্মে জীব-জগৎ ভ্রম।
(c) জীব-জগৎ ঈশ্বরের পরিণাম।
(d) জীব-জগৎ মায়িক সৃষ্টি।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

48. প্রেমেন্দ্র মিত্রের গল্পের অনুসরণে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত সংকেত থেকে **সঠিক** উত্তরটি চিহ্নিত করুন :

(a) 'পুন্নাম' গল্পে ললিতের অসুস্থ শিশুটির বয়স পাঁচ বছর।
(b) 'হয়তো' গল্পের লাবণ্যের বিয়ে হয়েছিল নিয়োগীদের বাড়ি।
(c) 'কুয়াশায়' গল্পে হেঁশেলে চাবি দেবার ভার ছিল নলিনীর ওপর।
(d) 'মোটবারো' গল্পের হরদুঙ্গি এক চেংড়া ঢোলকওয়ালা।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

Prepp
Your Personal Exams Guide

49. প্রদত্ত সংকেত অনুসরণে সুধীন্দ্রনাথ দত্তের 'অর্কেস্ট্রা'র চারটি কবিতার রচনাকালের **সঠিক** ক্রম চিহ্নিত করুন :

(a) সমাপ্তি (b) মহাশ্বেতা (c) মূর্তিপূজা (d) ধিক্কার

**সংকেত :**

(1) (b) → (c) → (d) → (a)
(2) (b) → (a) → (c) → (d)
(3) (c) → (b) → (a) → (d)
(4) (a) → (b) → (c) → (d)

50. 'গৈরিক পতাকা' নাটক থেকে **প্রথম তালিকার** চরিত্র-নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত উক্তির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে **শুদ্ধ** উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | পেশোয়া | (i) | জাতি হিসেবে সমগ্র হিন্দু উন্নতির পথে অগ্রসর হবে। |
| (b) | চন্দ্ররাও | (ii) | পবিত্র এই প্রাসাদকে তোরা নরকে পরিণত করেছিস। |
| (c) | রঘুনাথ | (iii) | হীন কচ্ছোয়ার স্পর্ধা আকাশস্পর্শী হয়ে উঠেছে দেখছি। |
| (d) | রণরাও | (iv) | তারা বলে, শূদ্রের বেদ-স্তোত্র শ্রবণ করারও অধিকার নেই। |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (ii) | (iii) |
| (2) | (ii) | (iv) | (i) | (iii) |
| (3) | (i) | (iii) | (iv) | (ii) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

- o 0 o -

Prepp
Your Personal Exams Guide

Space For Rough Work